

মুহূর্তেই স্যোশাল নম্বর
বিদেশী নাগরিকদের জন্য



এটা কাদের জন্য

বিদেশী নাগরিক যারা পর্তুগালে তাদের পেশাদার কার্যক্রম শুরু করতে চান। কোনো কোম্পানীর অধীনে কর্মচারী হিসেবে, স্বাধীন কর্মী হিসেবে অথবা গৃহ পরিসেবা কর্মী হিসেবে।

কোথাই চাইবেন

- নিয়োগকারী প্রতিষ্ঠান:**

সামাজিক নিরাপত্তা নম্বর (স্যোশাল সিকিউরিটি) মুহূর্তেই প্রস্তুত হয় স্যোশাল সিকিউরিটি ডাইরেক্টের মাধ্যমে। সেক্ষেত্রে সব প্রয়োজনীয় কাগজপত্র প্রদানের পাশাপাশি স্যোশাল ফরম বাধ্যগত পূরণ করতে হবে। অপশনে গিয়ে লিখতে হবে - Documentos de prova/NISS na hora/Pedido da entidade empregadora.

- স্বাধীন কর্মী হিসেবে:**

স্বাধীন কর্মীদের জন্য মুহূর্তেই স্যোশাল নম্বর প্রদান করা হবে। তাদের যাবতীয় কাগজপত্রগুলো ই-মেইলে পাঠাতে হবে। ই-মেইল : ISS-Pedido-NISS@seg-social.pt

প্রয়োজনীয় কাগজপত্রগুলো

কোম্পানীর অধীনে কর্মচারী হিসেবে, অথবা গার্হস্থ্য পরিষেবা কর্মী হিসেবে:

- আবেদনের ধরন RV 1009/2018-DGSS e RV 1006/2018-DGSS;
- আপনার সনাক্তকারী ডকুমেন্টের সাধারণ কপি, পাসপোর্ট অথবা নাগরিক কার্ড অথবা আপনার দেশের নাগরিক কার্ড
- পর্তুগালের ট্যাঙ্ক (ফিনান্স) নম্বরের কাগজ;
- কাজের কন্ট্রাক্টের সাধারণ কপি, যেখানে উল্লেখ থাকবে:

- কর্মীর নাম ও ঠিকানা;
- কোম্পানীর নাম ও অফিসের ঠিকানা;
- কোম্পানীর কাজের ধরণ;
- কোম্পানীর সাথে কোন কাজের জন্য কর্মীর সাথে চুক্তি হয়েছে;
- কাজের অবস্থান এবং কাজের স্বাভাবিক সময়;
- কর্মীর কত টাকা বেতন এবং কোন মাধ্যমে সেগুলো পরিশোধ করা হবে;
- কাজের চুক্তি শুরুর তারিখ;
- কর্মসংস্থান চুক্তির কার্যকারিতা;
- উভয় পক্ষের স্বাক্ষর;

গার্হস্থ্য পরিষেবা কর্মীদের অবশ্যই নিম্নে উল্লেখিত কাগজগুলো সরবরাহ করতে হবে:

কার্যকর পারিশ্রমিকের ভিত্তিতে অবদান প্রদানের চুক্তি, যদি এই তথ্যটি কর্মসংস্থান চুক্তির মাঝে অন্তর্ভুক্ত না থাকে;

- এই পরিষেবায় কাজের জন্য উপযুক্ত হতে জাতীয় স্বাস্থ্যসেবা থেকে মেডিকেল সার্টিফিকেট দেখাতে হবে;
- নিয়োগকর্তার সন্তান নাগরিক সনাক্তকরণ নথির অনুলিপি।

স্বাধীন কর্মী:

- আবেদনের ধরন RV 1000/2019-DGSS e RV 1006/2018-DGSS;
- আপনার সনাক্তকারী ডকুমেন্টের সাধারণ কপি, পাসপোর্ট অথবা নাগরিক কার্ড অথবা আপনার দেশের নাগরিক কার্ড;
- ট্যাঙ্ক (ফিনান্স) অফিসের সাথে স্বাধীন কর্মী হিসেবে কার্যক্রম চালু হওয়ার ডকুমেন্টের কপি.

এসম্পর্কে আরও বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন সেয়াশাল সিকিউরিটির পোর্টালে, ভিজিট

করুন: [www.seg-social.pt/Guias Práticos/ Atribuição de NISS NA HORA a Cidadãos Estrangeiros](http://www.seg-social.pt/Guias%20Pr%C3%A1ticos/Atribui%C3%A7%C3%A3o%20de%20NISS%20NA%20HORA%20a%20Cidad%C3%A3os%20Estrangeiros)